# চট্টগ্রাম, রাজশাহী, দিনাজপুর, কুমিল্লা, যশোর, সিলেট, বরিশাল বোর্ড-২০১৭

## ইতিহাস: প্রথম পত্র

বিষয় কোড : | ৩ | ০ | ৪ |

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট

পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ► রাজা ফার্ডিনান্ড এর ষড়যন্ত্রের ফলে গ্রানাডার সুলতান আবুল হাসান সিংহাসন ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হন। এরপর পুত্র আবু আব্দুল্লাহকে নামমাত্র সুলতান বানানো হয়। ফার্ডিনান্ড ও আবু আব্দুল্লাহর ষড়যন্ত্রের ফলে স্পেনে মুসলিম শাসনের চূড়ান্ত সমাপ্তি ঘটে।

ক. কত সালে ভাস্কো-দা-গামা ভারতীয় উপমহাদেশে আগমন করেন? ১

খ. উপমহাদেশের ইঙ্গ-ফরাসি দ্বন্দ্বের সংক্ষিপ্ত বিবরণ দাও। ২

গ. উদ্দীপকের ষড়যন্ত্রের সাথে তোমার পঠিত কোন ষড়যন্ত্রের সাদৃশ্য রয়েছে? উক্ত ষড়যন্ত্রের সাথে জড়িত যুদ্ধের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. "উক্ত যুদ্ধের ফলাফল ছিল সুদূরপ্রসারী"— পাঠ্যবইয়ের নিরিখে তা বিশ্লেষণ কর। ৪

২. ► সনাতন সমাজে সবচেয়ে জঘন্য ও বর্বর প্রথা ছিল 'সতীদাহ প্রথা'। গুপ্ত সাম্রাজ্যের সময় থেকেই এ প্রথার প্রচলন ছিল বলে মনে করা হয়। গ্রিক ঐতিহাসিক ডায়োডোরাস তাঁর খ্রিষ্টীয় প্রথম শতকের লেখায় এ প্রথার বিবরণ দিয়েছেন।

ক. কে স্বত্ববিলোপ নীতির প্রবর্তন করেন? ১

খ. কলকাতা নগরীর গোড়াপত্তন হয় কীভাবে? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রথা বিলোপের সাথে কোন গভর্নর-এর নাম জড়িত? তার সামাজিক সংস্কারসমূহ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'শান্তি ও সংস্কারের জন্য তার শাসনামল ছিল এক গৌরবোজ্জ্বল অধ্যায়'— উক্তিটির যথার্থতা বিচার কর। ৪

৩. ► বলিভিয়ায় ২০১৪ সালে সামরিক বাহিনীর সদস্যরা উন্নত পরিবেশ ও জীবনমান বৃদ্ধির দাবিতে বিক্ষোভ করে। বিদ্রোহী সৈন্যদের বহিষ্কার করে বিদ্রোহ দমনে সক্ষম হন দেশটির প্রেসিডেন্ট ইভো মোরালেস; এবং বিদ্রোহের পর সেনাবাহিনীতে ব্যাপক সংস্কার করেন।

https://teachingbd24.com

ক. কত খ্রিস্টাব্দে 'মন্ত্রিমিশন পরিকল্পনা' পেশ করা হয়? ১
খ. লাক্ষ্ণৌ চুক্তির গুরুত্ব ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের সাথে পাঠ্যবইয়ের কোন বিদ্রোহের মিল আছে? উক্ত বিদ্রোহের প্রত্যক্ষ কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. 'বিদ্রোহের ফলাফল ছিল সুদূরপ্রসারী'— পঠিত বিষয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

৪.▶ বহুজাতির দেশ অস্ট্রেলিয়ায় প্রথমবারের মত মুসলিমদের প্রতিনিধিত্ব করার ঘোষণা দিয়ে "অস্ট্রেলিয়ান মুসলিম পার্টি" নামে একটি রাজনৈতিক দলের আত্মপ্রকাশ ঘটেছে। অস্ট্রেলিয়ায় অনেকগুলো রাজনৈতিক দল রয়েছে যারা মুসলিমদের বিরোধিতা করে।

ক. কে 'Vernacular Press Act' রহিত করেন? ১
খ. ইলবার্ট বিল বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের বর্ণনা পাঠ্যবইয়ের যে ঘটনার সাথে সাদৃশ্যপূর্ণ তার পটভূমি ব্যাখ্যা কর। ৩
ঘ. "মুসলমানদের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠাই ছিল দলটির মুখ্য উদ্দেশ্য"— উক্তিটি পাঠ্যবইয়ের নিরিখে বিশ্লেষণ কর। ৪

Teachingbd24.com

৫.▶ রাজধানী তাইপেতে অনুষ্ঠিত আন্তর্জাতিক আইন সম্মেলনে এক শান্তি প্রস্তাব ঘোষণা করেন প্রেসিডেন্ট মা-য়িং-জেওউ। দক্ষিণ চীন সাগরে বিতর্কিত সমুদ্রসীমা নিয়ে উত্তেজনা নিরসনে এই প্রস্তাব কাজ করবে বলে দাবি করেন মা-য়িং।

ক. কে বাঁশের কেল্লা নির্মাণ করেন? ১
খ. বক্সারের যুদ্ধের প্রত্যক্ষ কারণ বর্ণনা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত প্রস্তাবের সাথে তোমার পঠিত কোন প্রস্তাবের মিল পাওয়া যায়? উক্ত প্রস্তাবের মূলনীতি ব্যাখ্যা কর। ৩
ঘ. "এই প্রস্তাবের আলোকে দুটি স্বাধীন রাষ্ট্রের জন্ম হয়"— পঠিত বিষয়ের আলোকে উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৬.▶ ১৯৬০ সালে অসমিয়া ভাষাকে আসামের অফিসিয়াল ভাষা করার জন্য বিল পাসের সময় বাংলা ভাষা-ভাষীরা আন্দোলন করে। আন্দোলনের চূড়ান্ত

পর্যায়ে ১৯৬১ সালের ১৯ মে হরতাল চলাকালে সাধারণ মানুষের মিছিলে পুলিশ গুলি চালালে এগারো জন প্রাণ হারায়।

ক. কত সালে ফোর্ট উইলিয়াম দুর্গ নির্মিত হয়? ১

খ. কোন কোন দল নিয়ে যুক্তফ্রন্ট গঠিত হয়? ২

গ. উদ্দীপক পঠিত বিষয়ের যে আন্দোলনকে ইঙ্গিত করে সে আন্দোলনের দুই জন শহিদের পরিচয় দাও। ৩

ঘ. 'উক্ত আন্দোলন জাতীয়তার গন্ডি পেরিয়ে আন্তর্জাতিক পরিমন্ডলে আজ স্বীকৃত'— উক্তিটি যথার্থতা বিশ্লেষণ কর। ৪

৭. ▶ জাতীয় পুরস্কারপ্রাপ্ত কবি নির্মলেন্দু গুণ এক অনুষ্ঠানে বারোটি মাসের মধ্যে মার্চ মাসকে বিশেষ গুরুত্বপূর্ণ মাস হিসেবে উল্লেখ করেন। তিনি বলেন বহু কারণে মার্চ মাস বিশেষ ঐতিহাসিক গুরুত্ব বহন করে।

ক. কত সালে বঙ্গভঙ্গ রদ হয়? ১

খ. পাইক বিদ্রোহের স্বরূপ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উল্লিখিত মাসটির প্রথম সপ্তাহের গুরুত্বপূর্ণ দিনটির তাৎপর্য ব্যাখ্যা কর। ৩

ঘ. 'প্রকারান্তরে এই মাসের প্রথম থেকেই মুক্তি সংগ্রামের শুরু'— উক্তিটির যথার্থতা নিরূপণ কর। ৪

৮. ▶ ১৯৫৯ সালে ফিদেল কাস্ত্রো কিউবায় বিপ্লবী সরকার গঠন করেন। মেক্সিকো গিয়ে রাউল কাস্ত্রো ও চে গুয়েভারাকে সাথে নিয়ে বিপ্লবী দল গঠন করেন। সেখানে থেকে ফিরে এসে বাতিস্তা সরকারের বিরুদ্ধে গেরিলা যুদ্ধ শুরু করেন।

ক. কত সালে পাকিস্তানে সামরিক শাসন জারি হয়? ১

খ. মৌলিক গণতন্ত্র বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের সাথে তোমার পঠিত কোন সরকারের গঠনের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত সরকারের কূটনৈতিক তৎপরতার সফলতা ছিল সুদূরপ্রসারী'— বিশ্লেষণ কর। ৪

teachingbd24.com

৯.► আমেরিকার স্বাধীনতা যুদ্ধে ফ্রান্স বিপ্লবীদের রসদ ও অস্ত্র সরবরাহ করে সাহায্য করে। তারা স্থল ও নৌ পথে আমেরিকার স্বাধীনতাকামীদের সহায়তা করে। অবশেষে প্যারিস চুক্তির মাধ্যমে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা স্বীকার করে ব্রিটিশরা আমেরিকা ত্যাগ করে।

ক. মুজিবনগর সরকারের রাষ্ট্রপতি কে ছিলেন? ১

খ. শহিদ মিনার নির্মাণ প্রক্রিয়া বর্ণনা কর। ২

গ. উদ্দীপকের অনুরূপ বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে সহযোগী দেশটির অবদানের বর্ণনা দাও। ৩

ঘ. 'শুধু সামরিক সাহায্য নয়, মানবিক সাহায্যের ক্ষেত্রে দেশটির ভূমিকা ছিল অগ্রগণ্য'— উক্তির সপক্ষে যুক্তি দাও। ৪

১০.► কমিউনিস্ট আন্দোলনের বিরুদ্ধে ১৯৩০ এর দশকে ভারতে তিনটি ষড়যন্ত্র মামলা রুজু করা হয়। এগুলো হল পেশোয়ার ষড়যন্ত্র মামলা, মিরাট ষড়যন্ত্র মামলা ও কানপুর ষড়যন্ত্র মামলা।

Teachingbd24.com

ক. মুক্তিযুদ্ধে অনিয়মিত বাহিনীর সরকারি নাম কী ছিল? ১

খ. মুক্তিযুদ্ধে স্বাধীন বাংলা বেতারকেন্দ্রের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকের মামলার সাথে তোমার পঠিত কোন মামলার মিল রয়েছে? উক্ত মামলা দায়েরের কারণ ব্যাখ্যা কর। ৩

ঘ. 'উক্ত মামলা মিথ্যা প্রমাণিত হওয়ায় সরকার গ্রহণযোগ্যতা হারায়'— পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ কর। ৪

১১.► দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় মানব সভ্যতার ইতিহাসে জঘন্যতম হত্যাকাণ্ডের সাথে জড়িতদের বিচারের মুখোমুখি করতে নুরেমবার্গ ট্রায়াল গঠন করা হয়। তারা যুদ্ধকালীন সময়ে হত্যা, লুট ও ধর্ষণসহ বহু নৃশংস ঘটনার সাথে জড়িত ছিল।

ক. কে অখণ্ড বাংলা গঠনের প্রস্তাব উত্থাপন করেন? ১

খ. 'কনসার্ট ফর বাংলাদেশ' বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের সাথে পাঠ্যবইয়ের স্বাধীনতা বিরোধী কোন সংগঠনের সাদৃশ্য রয়েছে? তার গঠন সম্পর্কে তোমার ধারণা দাও। ৩

ঘ. 'বাংলাদেশকে বুদ্ধিবৃত্তির দিক থেকে একটি দুর্বল দেশে পরিণত করাই ছিল তাদের অপতৎপরতার প্রধান লক্ষ্য'— উক্তিটির সার্থকতা বিচার কর।

https://teachingbd24.com

# ইতিহাস প্রথম পত্র

বিষয় কোড | ৩ | ০ | ৪ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. বাংলায় প্রথম গভর্নর জেনারেল কে ছিলেন?
ক) লর্ড বেন্টিংক খ) ওয়েলেসলি
গ) ওয়ারেন হেস্টিংস ঘ) লর্ড আমহার্স্ট

**নিচের উদ্দীপকটি পড় এবং ২ নং প্রশ্নের উত্তর দাও:**

রাদিয়াহ তার ভাই রাসেলকে বললো, মার্কিন প্রেসিডেন্ট সম্প্রতি অর্থনৈতিক মন্দার কারণে প্রতিরক্ষাসহ বিভিন্নখাতে ব্যয় কমিয়ে দিয়েছেন।

২. উদ্দীপকে উল্লিখিত মার্কিন প্রেসিডেন্টের নীতির সাথে ব্রিটিশ ভারতের কোন শাসকের নীতির মিল রয়েছে?
ক) লর্ড ক্লাইভ খ) লর্ড হেস্টিংস
গ) লর্ড কর্নওয়ালিস ঘ) লর্ড ডালহৌসি

৩. কত খ্রিষ্টাব্দে ভারতীয় উপমহাদেশে কোম্পানির শাসনের বিলুপ্তি ঘটে?
ক) ১৮৫৭ খ) ১৮৫৮
গ) ১৮৫৯ ঘ) ১৮৬০

৪. মুসলিম লীগের প্রধান উদ্দেশ্য ছিল—
ক) ব্রিটিশদের বিরুদ্ধে বিদ্রোহ করা
খ) পাশ্চাত্য শিক্ষার প্রসার ঘটানো
গ) ব্রিটিশদের প্রতি আনুগত্য সৃষ্টি করা
ঘ) হিন্দু-মুসলিম জাতিকে পৃথক করা

৫. 'The Spirit of Islam' গ্রন্থটির লেখক কে?
ক) স্যার সৈয়দ আহমদ খান
খ) নওয়াব আব্দুল লতিফ
গ) সৈয়দ আমীর আলী
ঘ) নবাব স্যার সলিমুল্লাহ

**নিচের উদ্দীপকটি পড় এবং ৬ ও ৭ নং প্রশ্নের উত্তর দাও:**

'ক' দেশের শাসক প্রশাসনিক সুবিধার জন্য দেশকে বিভক্ত করেন। এতে দেশের এক অংশের জনগণ বিরোধিতা করে এবং গুপ্তহত্যা, দাঙ্গা ও বর্জন নীতি গ্রহণ করে।

৬. উদ্দীপকের ঘটনা ভারতীয় উপমহাদেশের কোন আন্দোলনের সাথে সম্পর্কযুক্ত?
ক) ফরায়েজি আন্দোলন
খ) স্বদেশি আন্দোলন
গ) আলীগড় আন্দোলন
ঘ) অসহযোগ আন্দোলন

৭. উদ্দীপকে প্রতিফলিত আন্দোলন ছিল—
ক) অর্থনৈতিক খ) সামাজিক
গ) ধর্মীয় ঘ) সাংস্কৃতিক

৮. ভাষা আন্দোলনের মাধ্যমে যার জন্ম হয়—
ক) পাকিস্তানি জাতীয়তাবাদ
খ) ধর্মভিত্তিক জাতীয়তাবাদ
গ) বাঙালি জাতীয়তাবাদ ঘ) আন্তর্জাতিকতাবাদ

**নিচের উদ্দীপকটি পড় এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও:**

১৯১৭ সালের ২ নভেম্বর ব্রিটিশ পররাষ্ট্রমন্ত্রী আর্থার জেমস বেলফোর তার ঘোষণায় ইহুদিদের জন্য ফিলিস্তিনে একটি ইহুদি রাষ্ট্র গঠনের কথা বলেন।

৯. উদ্দীপকের ঘোষণার সাথে তোমার পাঠ্যবইয়ের কোন ঘটনার মিল পাওয়া যায়?
ক) জিন্নাহর চৌদ্দ দফা খ) লাহোর প্রস্তাব
গ) সাইমন কমিশনের প্রস্তাব
ঘ) নেহেরু রিপোর্ট

১০. উক্ত ঘটনার মূল বক্তব্য ছিল—
i. আঞ্চলিক স্বাধিকার অর্জন
ii. ভারত, পাকিস্তান এবং বাংলাদেশ এ তিনটি রাষ্ট্র গঠন
iii. আত্মনিয়ন্ত্রণের অধিকার

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

১১. কোন গভর্নর দ্বৈতশাসনের অবসান ঘটান?
ক) কর্নওয়ালিস খ) ডালহৌসি
গ) হেস্টিংস ঘ) ভান্সিটার্ট

**নিচের উদ্দীপকটি পড় এবং ১২নং প্রশ্নের উত্তর দাও:**

ফেব্রুয়ারি, ২০১৫ "দৈনিক প্রথম আলো" পত্রিকায় প্রকাশিত রাজশাহী গোদাগাড়ী উপজেলার বাবু ডাইং আদিবাসী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা বাঁশ ও কাদা মাটি দিয়ে শহিদ মিনার নির্মাণ করে। এভাবে এলাকাবাসী শহিদদের প্রতি শ্রদ্ধা জানায়।

১২. উদ্দীপকে কোন শহিদদের প্রতি শ্রদ্ধা জানানোর কথা বলা হয়েছে?
ক) ৬৯-গণ-অভ্যুত্থান শহিদদের
খ) ১৮৫৭ সালে মহাবিদ্রোহে শহিদদের
গ) ৫২ ভাষা আন্দোলনের শহিদদের
ঘ) ৭১ মুক্তিযুদ্ধের শহিদদের

১৩. পাকিস্তান-ভারত যুদ্ধ কত সালে সংঘটিত হয়?
ক) ১৯৬৩ খ) ১৯৬৪
গ) ১৯৬৫ ঘ) ১৯৬৬

১৪. ২১ ফেব্রুয়ারি বর্তমানে বিশ্বব্যাপী কি হিসেবে পালিত হয়?
ক) আন্তর্জাতিক মাতৃভাষা দিবস
খ) বিশ্ব মুক্তি দিবস
গ) বিশ্ব শহিদ দিবস ঘ) বিশ্ব ভাষা দিবস

১৫. হিন্দু বিধবা বিবাহ আইন কে প্রবর্তন করেন?
ক) লর্ড ডালহৌসি খ) লর্ড ওয়েলেসলি
গ) লর্ড কর্নওয়ালিস ঘ) লর্ড আমহার্স্ট

teachingbd24.com

https://teachingbd24.com

নিচের উদ্দীপকটি পড় এবং ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও:

প্রশাসনিক সুবিধার্থে লালপুর প্রদেশটিকে দুইটি অংশে বিভক্ত করা হয়। ফলে প্রদেশের একটি অংশের জনগণ এর বিরোধিতা করে দুর্বার আন্দোলন শুরু করে।

১৬. উদ্দীপকের সাথে উপমহাদেশের কোন ঘটনার মিল রয়েছে?

(ক) লক্ষ্ণৌ চুক্তি (খ) বঙ্গভঙ্গ
(গ) ভারত বিভাগ
(ঘ) ১৯৪৭ সালের স্বাধীনতা অর্জন

১৭. উক্ত পরিকল্পনাটি ব্যর্থ হওয়ার মূল কারণ—

i. হিন্দুদের বিরোধিতা
ii. মুসলমানদের বিরোধিতা
iii. সাম্প্রদায়িক দাঙ্গার আশঙ্কা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৮. ১৯৬৯ সালের গণঅভ্যুত্থানের লক্ষ্য ছিল—

(ক) বেসামরিক ও সামরিক আমলাতন্ত্রের কর্তৃত্ব প্রতিষ্ঠা
(খ) আঞ্চলিক স্বাধিকার প্রতিষ্ঠা
(গ) গণতন্ত্রের পূর্ণ বাস্তবায়ন
(ঘ) বাংলাদেশের স্বাধীনতা লাভ

নিচের উদ্দীপকটি পড় এবং ১৯ নং প্রশ্নের উত্তর দাও:

| ক | | খ | ফলাফল |
|---|---|---|---|
| ১৫৭ | + | ০২ | ১৫৯ |

১৯. উপরের উপাত্তগুলো কোন নির্বাচনের ফলাফল নির্দেশ করে?

(ক) ১৯৩৭ সালের (খ) ১৯৪৬ সালের
(গ) ১৯৫৪ সালের (ঘ) ১৯৭০ সালের

২০. মুজিবনগর সরকার শপথ গ্রহণ করে—

(ক) কলকাতার পার্ক সার্কাস এভিনিউতে
(খ) আগরতলায়
(গ) মেহেরপুরের আম্রকাননে
(ঘ) চট্টগ্রাম সার্কিট হাউসে

২১. কোন বৃহৎ শক্তি মুক্তিযুদ্ধের বিরোধিতা করে?

(ক) আমেরিকা
(খ) সোভিয়েত ইউনিয়ন
(গ) ফ্রান্স (ঘ) ভারত

২২. বেতার ও টেলিভিশনে রবীন্দ্র সংগীত নিষিদ্ধ করে কে?

(ক) খাজা নাজিমুদ্দিন (খ) খাজা শাহাবুদ্দিন
(গ) নুরুল আমিন (ঘ) মোনায়েম খান

২৩. ভারতবর্ষের বিভিন্ন স্থানে ইংরেজদের কুঠি ও দুর্গ নির্মাণের প্রধান কী উদ্দেশ্য ছিল?

(ক) অর্থনৈতিক সমৃদ্ধি অর্জন
(খ) ধর্ম প্রচার
(গ) আধিপত্য বিস্তার (ঘ) নাগরিকত্ব লাভ

২৪. ইউরোপ থেকে ভারতে আসার জলপথ আবিষ্কার করেন কে?

(ক) কলম্বাস
(খ) আমেরিগো ভেসপুচি
(গ) আলবুকার্ক (ঘ) ভাস্কো-দা-গামা

নিচের উদ্দীপকটি পড় এবং ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:

সিফফিনের যুদ্ধে হযরত আলী (রা.) এর আক্রমণে মুয়াবিয়া (রা.) যখন কোণঠাসা হয়ে পড়েন তখন, আমর ইবনুল আস (রা.) এর কূটচালে হযরত আলী (রা.) যুদ্ধ বন্ধ করেন এবং নিশ্চিত পরাজয় ঠেকিয়ে আনেন।

২৫. উদ্দীপকের যুদ্ধের সাথে উপমহাদেশের কোন যুদ্ধের মিল আছে?

(ক) পলাশীর যুদ্ধ (খ) বক্সারের যুদ্ধ
(গ) কর্নাটের যুদ্ধ (ঘ) গিরিয়ার যুদ্ধ

২৬. উল্লিখিত যুদ্ধে—

(ক) বাংলা স্বাধীনতা হারিয়েছিল
(খ) নবাবের ক্ষমতা বৃদ্ধি পেয়েছিল
(গ) বাংলা থেকে ইংরেজরা বিতাড়িত হয়েছিল
(ঘ) ফরাসিরা ক্ষমতাশালী হয়েছিল

২৭. ১৭৫৭ সালে পলাশী যুদ্ধের মধ্য দিয়ে—

i. ভারতে মধ্যযুগের অবসান ঘটে
ii. কোম্পানি শাসনের সূচনা ঘটে
iii. ভারতীয়দের ক্ষমতা বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও:

সম্প্রতি বিশ্বে ছিনতাইয়ের ঘটনা বেড়ে গেছে। ছিনতাইকারীরা অহরহ পথচারীদের ধনসম্পদ ছিনিয়ে নিচ্ছে। কোনো কোনো ক্ষেত্রে ছিনতাইকারীর ছুরিকাঘাতে মৃত্যুর ঘটনাও পরিলক্ষিত হচ্ছে।

২৮. উদ্দীপকে উল্লিখিত ছিনতাইকারীদের সাথে লর্ড বেন্টিংক এর আমলের কোন চক্রের মিল রয়েছে?

(ক) চোর (খ) ঠগি
(গ) ডাকাত (ঘ) প্রতারক

২৯. উক্ত চক্রের দমনে লর্ড বেন্টিংক যে পদক্ষেপ গ্রহণ করেন তা হলো—

(ক) কৌশলগত (খ) সাধারণ ক্ষমা
(গ) আইনের কঠোর প্রয়োগ
(ঘ) পুরস্কার

৩০. ইংরেজ ইস্ট ইন্ডিয়া কোম্পানি কত সালে দেওয়ানি লাভ করে?

(ক) ১৬৫৫ (খ) ১৬৫৬
(গ) ১৭৫৭ (ঘ) ১৭৬৫

উত্তর

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | গ | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | গ | ৬ | খ | ৭ | খ | ৮ | গ | ৯ | খ | ১০ | গ | ১১ | গ | ১২ | গ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| ১৬ | খ | ১৭ | গ | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ক | ২২ | খ | ২৩ | গ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | ক | ২৮ | খ | ২৯ | ক | ৩০ | ঘ |

Teachingbd24.com